



স্মারক নং- ৪৫.১৩৯.০২০.০০.০০.০৪৮.২০১৬-৩২০

তারিখঃ ২৭-০৪-২০২০খ্রিঃ

## পরিপত্র


**বিষয়ঃ** করোনা ভাইরাসে আক্রান্ত জনগণের জরুরী চিকিৎসা সেবা প্রদানের নিমিত্ত সরাসরি ক্রয় পদ্ধতি (DPM)-এর মাধ্যমে পণ্য/দ্রব্যাদি ক্রয়/সংগ্রহ করার অনুমতি।

**সূত্রঃ** রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের স্মারক নং- রামেকহা/প্রশাসন/২০২০/১৬৫৫, তারিখঃ ১৬/০৪/২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে করোনাভাইরাস (কোভিড-১৯)-এ আক্রান্ত সন্দেহভাজন ব্যক্তিদের নমুনা পরীক্ষা এবং করোনাভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের জরুরী চিকিৎসা সুবিধা স্থাপন/সম্প্রসারণের লক্ষ্যে ডেডিকেটেড হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে বরাদ্দকৃত অর্থ দ্বারা সরাসরি ক্রয় পদ্ধতি (DPM)-এর মাধ্যমে পণ্য/দ্রব্যাদি ক্রয়/সংগ্রহ করার অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

### শর্তাবলীঃ

- (ক) অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী ক্রয় কার্য সম্পন্ন করার পর ক্রয়কারী কার্যালয় (PE) ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করবে;
- (গ) শুধুমাত্র করোনাভাইরাস জনিত কোয়ারাইন্টাইন এক্সপেন্স/চিকিৎসা সেবার জন্য যে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে তা ব্যয়ের ক্ষেত্রে এ আদেশ কার্যকর হবে;
- (ঘ) বরাদ্দকৃত অর্থ দ্বারা জরুরী স্বাস্থ্য ক্যাম্প পরিচালনা, কোয়ারাইন্টাইন এক্সপেন্স/চিকিৎসা সামগ্রী, চিকিৎসা যন্ত্রপাতি প্রভৃতি প্রয়োজনীয় সামগ্রী ক্রয় করা যাবে; এবং
- (ঙ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে।

  
২৭.০৪.২০২০  
(সুশীল কুমার পাল)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৪৫৯২৭

### বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃঃআঃ-পরিচালক (অর্থ)]।
- ২। পরিচালক/তত্ত্বাবধায়ক,.....
- ৩। মাননীয় একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজিভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অতিরিক্ত সচিব (বাজেট/হাসপাতাল) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। যুগ্মসচিব (বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।